


Book review - Ryan (kabi mvsh) by Sajjal Dutta



রায়ান

কবি সুভাষ সংখ্যা

সম্পাদক

ধীমান পাল

আলোচক : সঞ্জুল দত্ত

রায়ান - এর 'সুভাষ মুখোপাধ্যায় এবং কবিতা' শিরোনামের পত্রিকাসংখ্যাটি আমি কাল সারাদিনে খুব ভালোভাবে পড়লাম। ... আমার ইন্দ্রজিৎ ভট্টাচার্য্যর 'ভাবনা বিস্তারে তিনি বস্তুতই কবি' প্রবন্ধটি দুরন্ত লেগেছে। অসাধারণ গভীরতায় গিয়ে আলোচনা করেছেন উনি। পাঁচ পাতার এই প্রবন্ধটি যেন সর্বদিক দিয়ে সর্ব অ্যাঙ্গেল থেকে একেবারে কমপ্লিট কবি সুভাষের কাব্যভাবনার বিস্তার। অদ্ভুত ব্যাপার, এই সংখ্যায় হাফিজ ও সুভাষকে একসঙ্গে নিয়ে শঙ্কর বন্দ্যোপাধ্যায়ের আলাদা একটি বিশ্লেষণী আলোচনার অত্যন্ত কোয়ালিটি সম্পন্ন প্রবন্ধ থাকা সত্ত্বেও আমার মনে

হয়েছে যারা হাফিজ এবং সুভাষ উভয়ের ভাবনাবিস্তারের সঙ্গেই ভালোভাবে পরিচিত, তাদের কাছে ইন্দ্রজিৎ বাবুর প্রবন্ধটিই বরং ভাবনায় হাফিজ ও সুভাষকে কাছাকাছি পাওয়ার অনুভবের ক্ষেত্রে বেশি পছন্দের হবে। সৈয়দ কওসর জামালের প্রবন্ধটি ভালো, কিন্তু কবি সুভাষের ওপর হয়ে ওঠা অসাধারণতম কোন কাজ নয় (আমার কাছে যা হয়ে উঠতে পেরেছে ইন্দ্রজিৎ বাবুর প্রবন্ধটি)। ডঃ দয়াময় রায় এর প্রবন্ধটি আমাকে তেমন কিছু টানেনি। লেখার স্টাইলটি একটু পুরোনো দিনের টিপিক্যাল প্রাবন্ধিকদের মতো। ফলতঃ নীরসতায় আক্রান্ত। খুব গভীর কিছু উঠেও আসেনি আমার কাছে। ... নিবন্ধ দুটোর মধ্যে রবীন বসুর 'আজ বসন্ত' বেশ ভালো লেগেছে। বিশেষ করে ওনার প্রসঙ্গক্রমে ব্যবহার করা কবি সুভাষের কবিতার লাইনগুলো ...। জয়তী রায় এর 'ফুল ফুটুক না ফুটুক' ও পড়েছি। ভালো, কিন্তু সাংঘাতিক কিছু ভালো লাগার অনুভবে আক্রান্ত করতে পারেনি আমায়। ... কবিতাগুলো মধ্যে অদিতি সেন চট্টোপাধ্যায়ের তিনটি কবিতাই (আসলে চারটে। জ্যামিতি কবিতার মধ্যে দুটি কবিতা আছে) যে কি ভালো লাগল বলে বোঝাতে পারবো না ! ... 'মেরুদণ্ড নিল শেষে কিনে এপারের লোকজন / ওপারে তো আগেই দিয়েছি বন্ধক চক্ষু ও কান / কে বলো আগলায় ? / কী সয়েছি সে তো বাপু সবই জানো / তবুও স্বভাব যায় না কো ! / আমাকেও থাকতে দাও, তোমরাও মাংসে-ঘিভাতে থাকো' । ... অসাধারণ ! সারাদিন সে আবেশে রয়েছে।